

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর
www.doict.chirirbandar.gov.bd

বিষয়ঃ উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	জনাব এ কে এম শরীফুল হক উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর
সভার তারিখ	২৭ সেপ্টেম্বর ২০২৩খ্রি.
সভার সময়	১০:৪৫ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে সভা সঞ্চালনার দায়িত্ব প্রদান করেন।

০২। অতঃপর অধ্যকার সভার সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশ গ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল হালনাগাদ	সেবা সহজীকরণে ওয়েব পোর্টাল এর ভূমিকা অপরিসীম। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে। কোন অফিসের ওয়েব পোর্টাল থেকে বিভ্রান্তিমূলক/বিবৃৎকর/সরকারের ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ হয় এমন তথ্য আপলোড হলে এর দায় সংশ্লিষ্ট অফিসের। উল্লেখিত কারণে সকল অফিসের ওয়েব পোর্টাল এর নিরাপত্তার জন্য upper case, lower case, sign, symbol এর সমন্বয়ে পাসওয়ার্ড রিসেট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধান(সকল) ইউপি চেয়ারম্যান(সকল)
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত সকল কম্পিউটার সামগ্রী সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা দরকার। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে ল্যাবের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, প্রতিষ্ঠান প্রধান (ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান)
০৩	সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা ও জনসচেতনতা তৈরী	সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার, ইউটিউব ইত্যাদি ব্যবহারের ক্ষেত্রে জনগনকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়।	সংশ্লিষ্ট সকল

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ কে এম শরীফুল হক
উপজেলা নির্বাহী অফিসার

ও


সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
চিরিরবন্দর, দিনাজপুর

স্মারক নং-৫৬.০৪.২৭৩০.০০০.০৬.০০১.২৩.২৭

তারিখঃ ২৭/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সভাপতি/সদস্য , ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।
- ২। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৯, দিনাজপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ।
- ৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর ।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।
- ৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর।
- ৭। সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর।



(মোঃ মাইদুল ইসলাম)

সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি

চিরিরবন্দর, দিনাজপুর